



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৮.১৪-১১১

তারিখ: ২৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ।  
১০ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া পৌরসভার বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে প্রাপ্ত প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-ব্রাহঃপৌর/প্রশাঃ/এপ্রিল-২০২১/২৮; তারিখঃ ১১/০৪/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া পৌরসভার বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত কোম্পানি প্রস্তাব দাখিল করে।

“জার্মান ভিত্তিক প্রতিষ্ঠান সৌদিয়া-জার্মান পাওয়ার প্লান্ট কোম্পানি”

২। উক্ত প্রস্তাব প্রাথমিকভাবে পৌরসভা পর্যায়ে এবং পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যাচাই করা হয়।

৩। এমতাবস্থায়, ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া পৌরসভার বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে বর্ণিত প্রস্তাব সংশ্লিষ্ট কাগজপত্রসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

(মোহাম্মদ ফারুক হোসেন)  
উপসচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

সিনিয়র সচিব  
বিদ্যুৎ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। র.আ.ম উবায়দুল মোক্তাদির, মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ এবং সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মেয়র, ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।